

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.২৬.১০৩৪.২১-৬০১

তারিখ : ১০/০৯/২০২৩খ্রি.


## যানবাহন চালনা কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়িচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাদ্বারা “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় বগুড়া জেলা কার্যালয়ের মাধ্যমে পরিচালিত যানবাহন চালনা (ড্রাইভিং) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত কোর্সে ভর্তির জন্য ২১-৩৫ বছর বয়সী আগ্রহী বেকার যুব/যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা (প্রতিব্যাচ)	অনলাইনে দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
যানবাহন চালনা (ড্রাইভিং)	১ মাস	৮ম শ্রেণী পাস (ন্যূনতম)	২০ জন	২৫/০৯/২০২৩খ্রি.	২৬/০৯/২০২৩খ্রি. সকাল ১০.০০টায়	০১/১০/২০২৩খ্রি.

### ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/শর্তাবলী :


- ০১। অনলাইনে [nise.gov.bd](http://nise.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- ০৩। ভর্তির জন্য নির্বাচিত হলে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে সাথে (ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (খ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত কপি (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র (ঘ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (ঙ) পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি (চ) বিদ্যুৎ বিলের ফটোকপি জমা দিতে হবে।
- ০৪। ভর্তির জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ২য় তলা (রুম নং-২১০) অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে হবে।
- ০৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্ত আবেদনকারীকে নির্ধারিত তারিখে উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, তিনমাথা রেলগেট, বগুড়ায় যথাসময়ে উপস্থিত হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ০৬। প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক সচেষ্টিত থাকতে হবে।
- ০৭। প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের যাবতীয় নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে।
- ০৮। প্রশিক্ষণার্থীদের লার্নার লাইসেন্স এবং পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তি ও মেডিকেল টেস্টের ব্যয় প্রকল্প হতে বহন করা হবে।
- ০৯। প্রশিক্ষণ কোর্সটি আবাসিক/অনাবাসিকভাবে পরিচালিত হবে।
- ১০। ভর্তিকৃত প্রশিক্ষণার্থীরা দৈনিক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে (উপস্থিতির ভিত্তিতে) প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১১। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
১০/০৯/২০২৩  
(মোঃ তোহাদ্দেক হোসেন)  
উপপরিচালক  
ফোন : ০৫১-৬৬২৬৪  
তারিখ : ১০/০৯/২০২৩খ্রি.

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.২৬.১০৩৪.২১-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো :

- ০১। জেলা প্রশাসক, বগুড়া
- ০২। পুলিশ সুপার, বগুড়া
- ০৩। প্রকল্প পরিচালক (যানবাহন চালনা প্রকল্প), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..... বগুড়া
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, ..... বগুড়া
- ০৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বগুড়া
- ০৮। সহকারী পরিচালক, বিআরটিএ, বগুড়া
- ০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ..... বগুড়া (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)
- ১০। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ১১। অফিস কপি

  
১০/০৯/২০২৩  
(মোঃ আবু হানিফ মিয়া)  
সহকারী পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া